

পত্র নং-৫৮.০৪.৪১০০.১৪১.০৩.০৩০.২০২৩-১৬৬৭

তারিখ- ২৬ অক্টোবর ১৪৩০  
২৬ নভেম্বর ২০২৩

জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় সভার কার্য বিবরণী।

|        |   |   |
|--------|---|---|
| সভাপতি | : | সুরাইয়া আক্তার<br>সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত) |
| তারিখ  | : | ২৬ নভেম্বর ২০২৩                                   |
| সময়   | : | সকাল ১০:০০ ঘটিকা                                  |
| স্থান  | : | যশোর কেন্দ্রীয় কারাগারের সভাকক্ষে।               |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় শুদ্ধাচার কর্ম পরিকল্পনার ২য় কোয়ার্টারের কার্যক্রমের অগ্রগতি উপস্থাপিত হয়। নির্ধারিত সময়ের মধ্যে ২য় কোয়ার্টারের কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে করণীয় নিয়ে আলোচনা হয়। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বরের সুবিধামত সময়ে সভার আয়োজন করতে হবে। দর্শনার্থীদের সেবার মনোন্নয়ন করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কমিটির সদস্যগণ জানান যে, শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করা হয়েছে এবং অন্তরায় দূরীকরণের লক্ষ্যে কর্ম পরিকল্পনা প্রণয়ন করে বিভাগীয় সদর দপ্তর, যশোর প্রেরণ করা হয়েছে। এছাড়া কর্মপরিকল্পনা মোতাবেক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হচ্ছে।

**সভার সিদ্ধান্ত :**

- ১। দর্শনার্থীদের বিভিন্ন সেবার মান উন্নয়ন করতে হবে।
- ২। দর্শনার্থীদের বিশ্রামাগার ও গুয়াশক্রম সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৩। জাতীয় আইনগত সহায়তা (Legal Aid) সম্পর্কে বন্দি ও তাদের স্বজনদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।
- ৪। সেবার মান উন্নয়নের জন্য যে কোন অভিযোগ বা মতামতের জন্য মতামত বাস্তব স্থাপন করতে হবে।
- ৫। কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(সুরাইয়া আক্তার)  
সিনিয়র জেল সুপার(ভারপ্রাপ্ত)  
যশোর কেন্দ্রীয় কারাগার  
srjaltsuperjessore@yahoo.com  
ফোন ০২-৪৭৭৬১৩৭৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

কারা উপ-মহাপরিদর্শক  
খুলনা বিভাগ  
সদর দপ্তর, যশোর।